গাংনী মহিলা ডিগ্রী কলেজে পিঠা উৎসব উপলক্ষে প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনী মহিলা ডিগ্রী কলেজে প্রতিবছরের ন্যায় এবারও বর্ণাঢ্য ও জাকজমক আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে পিঠা উৎসব। পিঠা উৎসব ও একাদশ শ্রেনীর ক্লাশ উদ্বোধনকে স্মরণীয় করে রাখতে কলেজ কর্তৃপক্ষ গ্রহন করেছেন নানা উদ্যোগ।

এ বছরের পিঠা উৎসবকে আরও প্রাণবন্ত করতে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে গাংনী মহিলা ডিগ্রী কলেজে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। প্রস্তুতি সভায় কলেজের অধ্যক্ষ মহাঃ খোরশেদ আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন। এসময় উপস্থিত ছিলেন কলেজের সহকারী অধ্যাপক মোঃ রমজান আলী,সহকারী অধ্যাপক সাইফুর রহমান টোকন, বিদ্যোৎসাহী প্রতিনিধি মোঃ নকিম উদ্দিন প্রমুখ।

এবারের পিঠা উৎসব ও একাদশ শ্রেণির ক্লাস উদ্বোধন অনুষ্ঠান সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন।

জানা গেছে, আগামী ১ লা ফেব্রুয়ারি ২০২৩ ইং তারিখ সকাল ৯ টার সময় কলেজ প্রাঙ্গণে পিঠা উৎসব অনুষ্ঠিত হবে। এ অনুষ্ঠান চলবে বিকাল ৫ টা পর্যন্ত। এর আগে সকাল ৯ টার সময় একাদশ শ্রেণির ক্লাস উদ্বোধন করা হবে। একাদশ শ্রেণির ক্লাস উদ্বোধন ও পিঠা উৎসবে যোগ দেবেন জনপ্রতিনিধি সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ।

পরে পিঠা উৎসবে অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে। অনুষ্ঠানটি সকলের জন্যই থাকবে উন্মুক্ত । বাঙালির ঐতিহ্যবাহী বিভিন্ন রকমের বাহারি নকশায় ও বিভিন্ন স্বাদের পিঠাপুলি নিয়ে শিক্ষার্থীরা সাজাবে পিঠা প্রতিযোগিতার সকল স্টল।

মেহেরপুরে জমি দখলকে কেন্দ্র করে পাল্টা সংবাদ সম্মেলন

মেহেরপুরের মল্লিক পাড়ায় জমি জবর দখলকে কেন্দ্র করে সংবাদ সম্মেলনের প্রতিবাদে পাল্টা সংবাদ সম্মেলনে করেছে সাইফুল ইসলাম ঘটন ও মেহেদী হাসান রোলেক্স ।

শনিবার সকালে মেহেরপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ড মল্লিক পাড়ায় এই সংবাদ সম্মেলন করা হয়।

সংবাদ সম্মেলনে সাইফুল ইসলাম ঘটন বলেন আমার চাচাতো ভাই মোবিন উদ্দিন গতকাল সংবাদ সম্মেলনে আমাদের নামে ভিত্তিহীন অভিযোগ এনে আমাদের পরিবারের মান খুন্ন করেছে যা আমাদের জন্য দুঃখ জনক।

আমাদের নামে আইন অমান্য করার কথা বলেছে। চাচা আমাদের নামে মিথ্যা অভিযোগ এনে ১৪৫ ধারার জন্য মামলা করে। বিজ্ঞ আদালত ১১/০৯/ ২০২২ তারিখে মামলা খারিজ করে দেয়।

তিনি আরও বলেন চাচাদের সাথে কখনো খারাপ ব্যবহার করেনি জীবন নাশের হুমকি দেওয়া তো প্রশ্নই আসে না।

জমির জবর দখলের মূল ঘটনা হচ্ছে আমার পিতামৃত-এ কে এম সামসুজ্জোহা, চাচা আব্দুল মান্নান ও আব্দুল মজিদের সাথে ১৯৬৪ সালে বিনিময় দলিল করে দলিল নং-৫৭৩৪ আমার পিতা তাদের ৬ একর ৭৪ শতক নিজ নামীয় সম্পত্তি প্রদান করে বিপরীতে ৫৭৩৩ নং দলিলে তারা আমার পিতাকে ৬ একর ৯১ শতক জমি প্রদান করে। এর মধ্যে ২ একর ২৩ শতক জমি শরিক নাই আব্দুল মান্নানের। বলে আমার আব্বার সাথে প্রতারনা করে তিন শরীকের জমি প্রদান করে। ২ একর ২৩ শতক জমির মধ্যে ১ একর ৪৮ শতক জমি আমার পিতা বুঝিয়ে দেওয়া হয় নি। পরে চাচাকে উক্ত বিষয়ে বললে মৌখিকভাবে আমাদের জমি বুঝিয়া দিয়া দখল দেয়। সেই থেকে আমরা জমির ভোগ দখল করে আসছি। আমরা কোন জমি জবর দখল করি নাই। আমার পিতা ১৯৯৪ সালে মৃত্যুবরন করলে আমরা চাচার সাথে জমি রেজিষ্ট্রি চাইলে বিভিন্ন তাল বাহান শুরু করে। পরে ২০১৭ সালে আমরা বাধ্য হয়ে আদালতে মামলা করি মামলা নং-৩/১৭ যা এখনও চলমান। মামলা চলাকালীন চাচা ৪টি দলিলে আইন অমান্য করে জমি বিক্রয় করে দলিল নং-১১১৮/১৯, ১৬৭৪/১৯, ১৬৭৬/১৯, ১৬৭৭/১৯ আমরা আইনের প্রতি শ্রদ্ধাশীল আমরা সামাজিকভাবে বিভিন্ন সময় বিভিন্ন স্থানে বিষয়টি মিমাংসা করার

চেষ্টা করেছি। কিন্তু আমার চাচা রাজি থাকলেও চাচাতো ভায়ের কারণে সমাধান হয়নি।

তিনি আরও বলেন গত বুধবার ১৮/০১/২০২৩ তারিখে আমার চাচাতো ভাই আমাদের নামে থানায় অভিযোগ করলে শনিবার ২১ জানুয়ারি ২০২৩ তারিখে থানায় বসার কথা থাকলেও আমরা হাজির হলে তারা মেহেরপুর সদর থানার ওসি তদন্তকে মুঠোফোনে জানায় তারা থানায় বসতে রাজি না।

সৌদিতে গাংনীর সহড়াতলা গ্রামের সোহেলের মৃত্যু

সৌদি আরবের দাম্মাম শহরে নিজ ভাড়াকৃত বাসায় হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের সোহেল আহমেদ (৩০)।

গত শুক্রবার দুপুরে তিনি মারা যান। প্রবাসি সোহেল আহমেদ সহড়াতলা গ্রামের ইয়াসিন আলী কবিরাজের ছেলে।

সোহেলের প্রতিবেশী সাহাবাজ আলী জানান, প্রায় ৮ মাস আগে সৌদি আরবে যান সোহেল। সৌদির আরবের দাম্মাম শহরে বিল্ডিংয়ে নির্মাণ শ্রমিকের কাজ করতেন।

সোহেলের ভাই তরিকুল ইসলাম বলেন, আগের দিন বৃহস্পতিবার রাতে পরিবারের লোকজনের সাথে মোবাইল ফোনে কথা হয় সোহেলের। তখন কেউ বুঝতে পারেনি সোহেল অসুস্থ। সে সময় তার একমাত্র সোহানাসহ বৃদ্ধ বাবা মায়েরও খোজ নেয়। পরদিন দুপুরের পরে ভাইয়ের সহকর্মীদের একজন মৃত্যুর সংবাদ জানায়। তিনি আরো বলেন, মরদেহ দেশে ফিরিয়ে আনার জন্য দূতাবাসসহ সংশ্লিষ্ট বিভাগের লোকজনের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হচ্ছে।

মেহেরপুরে জমি দখলের অভিযোগে রোলেক্স গ্রুপের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

মেহেরপুরে আদালত অবমাননা করে জমি দখলের প্রতিবাদ ও বিচারের দাবিতে রোলেক্স গ্রুপের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগীরা।

শুক্রবার সকালে মেহেরপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ড মল্লিক পাড়ায় এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে ভুক্তভোগী আব্দুল মান্নানের পুত্র মোঃ মোবিন উদ্দিন বলেন, মল্লিক পাড়ায় আমাদের নিজস্ব জমি । যার আর এস দাগ নাম্বার ৫০২৯, জমির পরিমাণ ১ একর ৪৭ শতক বর্তমান বাংলা সাল ১৪২৯ ও ইংরেজি ২০২৩ সাল হালনাগাদ পর্যন্ত খাজনা পরিষদ করে ভোগ দখল করে আসছি। আমার পিতার সৎ ভাইয়ের ছেলে মেহেদী হাসান রোলেক্স, সাইফুল ইসলাম ঘটন ও আলঙ্গীর হোসেন নান্নু জোরপূর্বক আইনের তোয়াক্কা না করে আদালতকে অবমাননা করে ভূমিদস্যু স্টাইলে আমাদের ন্যায্য জমি জোরপূর্বক দখল এবং বিক্রয় করার চেষ্টা করে যাচ্ছে। দাদা মরহুম মুনসি মোহর আলী তিনি আমার পিতা সহ সকল অংশীদারদের জমি বন্টন করে দেন। জমি বন্টনের পর সৎ চাচা মৃত সামসুজ্জোহা এবং আমার দাদা ১৫ বছর জীবিত ছিল সেই সময় আমার পিতা সহ অন্য চাচা ও তার শরীরে কেউ এই নিয়ে অভিযোগ আপত্তি করেনি। ন্যায্য তার ভিত্তিতে সকলে যে যার জমি ভোগ দখল করে আসছিল অথচ দীর্ঘ প্রায় ৩৫ বছর পর আমার পিতার সৎ ভাইয়ের ছেলে মেহেদী হাসান রোলেক্স, সাইফুল ইসলাম ঘটন ও আলম হোসেন নান্নু ভূমি দস্যুর স্টাইলে আইন আদালতকে অবমাননা করে আমার পিতা-মাতা সহ আমার পরিবারকে জীবন নাশের হুমকি দিয়ে ন্যায্য সম্পত্তি জোরপূর্বক দখল ও বিক্রয়ের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। আমি ও আমার পিতা মাতা আইনের প্রতি সর্বোচ্চ শ্রদ্ধাশীল হয়ে আইন আদালত থানা নিরাপত্তা প্রার্থনা সহ ন্যায্য বিচার প্রার্থনা করি তখন আদালত উভয় পক্ষের অভিযোগ শুনানির পর নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জমিতে যেতে নিষেধ করে আদেশ দেন। এ

সত্ত্বেও থানা ও আদালতকে অবমাননা করে বারবার ন্যায্য জমি দখলের অপচেষ্টা অব্যাহত রেখেছে। ন্যায্য কাগজ যার জমি হবে তার কথা থাকলেও এখন আমার পুরো পরিবার অত্যান্ত আতঙ্কগ্রস্থ জীবন ঝুঁকি নিয়ে চলাফেরা করছে এবং জমি রক্ষা করতে আদালত ও থানার দুয়ারে দুয়ারে ঘুরতে হচ্ছে।

মেহেরপুরে এসএসসি-৯১ ফাউণ্ডেশনের কম্বল বিতরণ

মেহেরপুরে এসএসসি-৯১ ফাউণ্ডেশনের উদ্যোগে দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার দিনব্যাপী জেলার বিভিন্ন এলাকার দুস্থদের মাঝে পৃথক পৃথকভাবে কম্বল বিতরণের আয়োজন করা হয়।

এসএসসি -৯১ ফাউণ্ডেশনের পক্ষে তরুণ রাজনীতিবীদ ও মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন উপস্থিত থেকে দুস্থদের হাতে কম্বল তুলে দেন।

এসময় এসএসসি -৯১ ফাউণ্ডেশনের পক্ষে ফররুখ আহমেদ উজ্জল, নিশান সাবের, সামসুজ্জোহা রন্টু, শ্রমিকলীগ নেতা মোস্তাফিজুর রহমান বাবুল, স্বেচ্ছাসেবকলীগ নেতা শরিফ রেজা পান্না, মোস্তাফিজুর রহমান চন্দন, ফারুক হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

সুইডেনে পবিত্র কোরআন

অবমাননাকারীর শাস্তির দাবীতে গাংনীতে বিক্ষোভ

সুইডেনের রাজধানী স্টকহোমে তুর্কী দুতাবাসের সামনে দানেশ উগ্রপন্থী নেতা রাজমুস ফালুদার নেতৃত্বে পবিত্র কোরআন শরীফ অবমাননা করায় সারা বিশ্ব মুসলিম প্রতিবাদী হয়ে বিক্ষোভে নেমেছে। গাংনী শহরসহ গ্রামে গ্রামে রাস্তায় রাস্তায় বিক্ষোভ করেছেন মুসলমানরা।

শুক্রবার দুপুরে জুম্মা নামাজ শেষে বিক্ষোভ করে গাংনীর ভাটপড়া,নওপাড়া, ভিটাপাড়া,কালিগাংনীসহ বিভিন্ন গ্রামে বিক্ষোভ সমাবেশ করা হয়েছে।

সুইডেনের পন্য বর্জন,সুইডেন সরকারকে প্রকাশ্যে ক্ষমা পার্থনা ও পবিত্র কোরআন অবমাননাকাী রাজমুস ফালুদার মৃত্যুদন্ড দাবী করেছে বিক্ষোভকারীরা।

এলাকাবাসী আয়োজিত প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, নওপাড়া জামে মসজিদের ইমাম জাহিদুল ইসলাম আল হাবিবি,নওপাড়া মাঠপাড়া জামে মসজিদের ইমাম হাফেজ মাওঃ মোঃ খালেদ সাইফুল্লাহ,ষোলমারী জামে মসজিদের ইমাম হাফেজ মাওঃ হাসানুজ্জামান সিদ্দিকী,ভাটপড়া জামে মসজিদের ইমাম ক্বরি মোঃ তৌফিক ই এলাহী ও কালীগাংনী জামে মসজিদের ইমাম আবু দারদা।

দুপুরে ভাটপাড়া ফুটবলমাঠ থেকে একটি প্রতিবাদ মিছিল বের হয়ে বিভিন্ন গ্রাম প্রদক্ষিণ শেষে নওপাড়া বাজারে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। এসময় সার্বিক সহযোগীতা করেন পল্লী চিকিৎসক মোঃ রবিউল ইসলাম, ইয়ারুল ইসলাম,মিরাজুল ইসলাম মিলন।

এদিকে শুক্রবার দুপুরে গাংনী বাজার রেজাউল চত্বরে বিক্ষোভ সমাবেশ,মানববন্ধন ও মিছিল করেছেন উপজেলা ইমাম সমিতি। বাংলাদেশ থেকে সুইডেনের সকল পণ্য অপসারণ,ব্যবহার নিষিদ্ধ করার দাবীসহ পবিত্র কোরআন অবমাননাকারীর মৃত্যদন্ড ও সুইডেন সরকারকে প্রকাশ্যে ক্ষমা চাওয়ার দাবী জানানো হয়।

উল্লেখ: গত শনিবার সুইডেনের রাজধানী স্টকহোমে তুর্কী দুতাবাসের সামনে দানেশ উগ্রপন্থী নেতা রাজমুস ফালুদার নেতৃত্বে পবিত্র

কোরআন শরীফ অবমাননার ঘটনা ঘটে। এঘটনার পর থেকে বিশ্ব মুসলিম প্রতিবাদে ফেটে পড়ে। সে থেকে সুইডেন সরকারকারের বিরুদ্ধে নড়েচড়ে বসেছে সারা বিশ্বের মুসলিম।

মুজিবনগর প্রিমিয়ার ক্রিকেট লিগ সিজন২ এর শুভ উদ্বোধন

“মাদক, দুর্নীতি ও বাল্যবিবাহ রোধ এবং সুস্থ সমাজ গড়ার প্রত্যয়ে রামনগর যুব সমাজের আয়োজনে, মুজিবনগর প্রিমিয়ার ক্রিকেট লিগ (সিজন ২) এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার দুপুর ২ টা ৩০ মিনিটের সময় মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের রামনগর খেলার মাঠে এই প্রিমিয়ার ক্রিকেট লিগের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ক্রিকেট লীগের উদ্বোধন করেন।
এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক আব্দুর রাজ্জাক, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর থানা তদন্ত অফিসার আব্দুল আলিম, যশোর চৌগাছা উপজেলা কৃষি অফিসার মুসাব্বির হোসাইন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহাবুব আলম রবি, যুবনেতা হাসানুজ্জামান লাল্টু, মুজিবনগর প্রিমিয়ার লিগের সমন্বয়কারী শাহাবুদ্দিন এবং আয়োজক কমিটি সদস্য শামীম শিশির, তারিকুল ইসলাম, মাইদুল ইসলাম, জাহিদ, হাবিবুর, সবুজ, আব্দুল মালেক, মজিবুল ইসলাম, আব্দুল মহিদ মোল্লা, সোহেল রানা।

উদ্বোধনের শুরুতেই আমন্ত্রিত অতিথিদের ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান ক্রিকেট লীগের আয়োজক কমিটির সদস্য বৃন্দ। পরে প্রধান অতিথি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ব্যাট দিয়ে বল

মেরে খেলার উদ্বোধন করেন।

উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করে আনন্দবাস থেকে একাদশ অপরদিকে মেহেরপুর পৌর ২ নম্বর ওয়ার্ড ক্রিকেট একাদশ।

উদ্বোধনী খেলায় আনন্দবাস একাদশ টসে জিতে ব্যাট নিয়ে ১২২ রান করে জবাবে মেহেরপুর পৌর ২ নম্বর ওয়ার্ড একাদশ ১১৬ রান করতে সক্ষম হয়। ৬ রানে জয় পায় আনন্দবাস একাদশ। খেলাটি পরিচালনা করেন, আব্দুস সালাম মোল্লা ও হারুনুর রশিদ।

উদ্বোধনী অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনা এবং খেলার ধারাভাষ্যকার হিসেবে ছিলেন শামীম শিশির এবং তারিকুল ইসলাম।

এবারের মুজিবনগর প্রিমিয়ার ক্রিকেট লিগের নক আউট ভিত্তিক খেলায় ৩২টি দল অংশগ্রহন করছে।

মেহেরপুরে বরযাত্রীর গাড়ির সাথে পথচারীর ধাক্কা, আহত ৫

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের দিঘীরপাড়ায় বরযাত্রীর গাড়ির ধাক্কায় পথচারীসহ ৫ জন আহত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় এ দুর্ঘটনা ঘটে।

আহতরা হলেন- হালদার পাড়ার রাজন, আশিক, কুয়াশা, সাজু এবং দিঘীরপাড়ার নাহিদ।এদের মধ্যে নাহিদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে অন্যত্র রেফার্ড করেছেন চিকিৎসক।

জানা গেছে, একটি প্রাইভেট কারে করে মেহেরপুর শহরের হালদারপাড়া থেকে পাবনার ঈশরদীর উদ্দ্যেশে বরযাত্রীরা যাচ্ছিলেন। এসময় দিঘীরপাড়ায় নাহিদ নামের এক যুবক রাস্তা পার হচ্ছিলেন। এসময় নিয়ন্ত্রণ হারিয়েছে প্রাইভেট কারটি নাহিদকে ধাক্কা দেয় এবং পরে রাস্তার পাশের একটি গাছের সাথে ধাক্কা দিয়ে প্রাইভেট কারটি দুমড়ে মুচড়ে যায়। এতে পথচারী নাহিদ, বরযাত্রী আশিক, সাজু, রাজন, কুয়াশা আহত হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে নাহিদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে অন্যত্র রেফার্ড করা হয়।

মুজিবনগরে মহাজনপুর ইউপি চেয়ারম্যান মিলুর আনন্দ শোভাযাত্রা

২০২১ সালের ১১ই নভেম্বর ইউনিয়ন পরিষদ নির্বাচনে নৌকার বিরুদ্ধে নির্বাচন করায় দল থেকে বহিষ্কার করা হয় আওয়ামীলীগের বিদ্রোহী প্রার্থীদের। দীর্ঘদিন পর বাংলাদেশ আওয়ামীলীগের পক্ষ হতে ভবিষ্যতে সংগঠনের স্বার্থ পরিপন্থী কার্যক্রম ও সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ না করার শর্তে ক্ষমা প্রদর্শন করা হয়েছে সকল বিদ্রোহী প্রার্থীদের।

ক্ষমা ও সাংগঠনিক কার্যক্রমের অনুমতি পেয়েছেন নৌকার বিদ্রোহী প্রার্থী মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউপির তিন বারের নির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

এ উপলক্ষে বৃহস্পতিবার বিকেলে ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে এবং আগামী ২৪ সালের জাতীয় নির্বাচনে নৌকায় ভোট চেয়ে কোমরপুর বাজার থেকে শতশত মোটরসাইকেল নিয়ে আনন্দ শোভাযাত্রা বের করা হয়। মোটরসাইকেল শোভাযাত্রাটি ইউনিয়নের প্রতিটি গ্রাম প্রদক্ষিণ করে স্বাধীনতার সূতিকাগার ঐতিহাসিক মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন তিনি ।এ সময় আমাম হোসেন মিলুকে দল থেকে পুনরায় সাংগঠনিক কার্যক্রমের অনুমতি প্রদান করায় মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রাম থেকে শতাধিক মোটরসাইকেল নিয়ে ৬ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সাজেদুল গাজী ও হায়দার গাজীর নেতৃত্বে আরেকটি শোভাযাত্রা মূল শোভাযাত্রার সাথে মিলিত হয়।

পুষ্প মাল্য অর্পণ শেষে সাংবাদিকদের উদ্দেশ্যে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু বলেন, যোগ্য ব্যক্তিকে মনোনয়ন না দেওয়ায় নৌকার ভরাডুবি হয় মুজিবনগর উপজেলায়। তাই আমার নেত্রী মানবতার মা জননেত্রী শেখ হাসিনা বুঝতে পেরে আমাদের সাধারণ ক্ষমা ঘোষণা করেছেন। আমার নেত্রীর দূরদর্শিতা এতই প্রকট যে সারা বাংলাদেশের নেতাকর্মী কে ভালোবাসে এবং স্নেহ করে যারা বিদ্রোহী প্রার্থী ছিল সকলকে সাধারণ ক্ষমা করেছেন। আগামীতে কারোর মধ্যে ভেদাভেদ না রেখে আমরা সকলে নৌকার কান্ডারীকে একসাথে নিয়ে নৌকার পক্ষে কাজ করবো। তিনি আরো বলেন আমাদের অভিভাবক মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের মতো নেতা পাওয়া আমাদের ভাগ্যের ব্যাপার তাই আগামী ২৪ সালের নির্বাচনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল এর হাতকে শক্তিশালী করে নৌকাকে জয় যুক্ত করে জননেত্রী শেখ হাসিনা কে ক্ষমতায় এনে স্মার্ট বাংলাদেশ গড়বো ইনশাআল্লাহ।

উল্লেখ্য,গণভবনে অনুষ্ঠিত বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সংগঠনের গঠনতন্ত্রের ১৭(৬) এবং ৪৭(২) ধারা মোতাবেক বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের নিকট সাধারণ ক্ষমা প্রেরিত লিখিত আবেদন পর্যালোচনা এবং ভবিষ্যতে সংগঠনের স্বার্থ পরিপন্থী কর্মকাণ্ড ও শৃঙ্খলা ভঙ্গ না করার শর্তে ক্ষমা প্রদর্শন করে আমাম হোসেন মিলু বিশ্বাস কে চিঠি দেন বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের এমপি ।

শোভাযাত্রা ও পুষ্পমাল্য অর্পণের সময় আমাম হোসেন মিলুর সাথে ছিলেন মহাজনপুর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মিনারুল ইসলাম,হায়দার আলী,মুনসুর আলী, বাশার বিশ্বাস,সাধারণ সম্পাদক নুরুল ইসলাম, জয়নাল আবেদীন,স্বপন আলী, ইউনিয়ন যুব লীগের সভাপতি মিঠু, হায়দার গাজী,সাজেদুল গাজী, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ইমনসহ আওয়ামী লীগ,যুব লীগ,ছাত্রলীগ,স্বেচ্ছাসেবক লীগের নেতা কর্মীবৃন্দ।

মেহেরপুরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সরস্বতী পূজা উদযাপন

মেহেরপুরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও মন্দিরে স্বরস্বতী পূজা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারি কলেজ, মেহপরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মেহেরপুর শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালি মন্দির,নায়েববাড়ী মন্দিরসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পৃথকভাবে সরস্বতী পূজা অনুষ্ঠিত হয়।

এ উপলক্ষে প্রসাদ বিতরণ করা হয়। বিশেষ করে শিক্ষার্থীরা তাদের জ্ঞান অর্জনের জন্য সরস্বতী পূজার আয়োজন করে। সনাতন ধর্মীয় বিশ্বাস অনুযায়ী, জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী তার আশীর্বাদের মাধ্যমে মানুষের চেতনাকে উদ্দীপ্ত করতে প্রতি বছর আবির্ভূত হন ভক্তদের মাঝে। শিক্ষার্থীরাই এই পূজায় বেশি মনোযোগী হয়।